



জনাব,

মুহতারাম পরিচালক সাহেব,

আশাকরি আল্লাহর রহমতে সুস্থ থেকে তা'লীমে কুরআনের জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, আল্লাহ তা'য়ালার আপনার এই মেহনতকে কবুল করুন-আমীন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নূরানী তা'লীমুল কুরআন বোর্ড চট্টগ্রাম বাংলাদেশ কর্তৃক পরিচালিত সকল নূরানী মাদ্রাসা সমূহের ২০২৪ খ্রীস্টাব্দের তৃতীয় শ্রেণির কেন্দ্রীয় সনদ পরীক্ষা আগামী ০১ ডিসেম্বর (রবিবার) শুরু হয়ে ০৫ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০২৪ খ্রীস্টাব্দ শেষ হবে এবং প্লে, নার্সারী, প্রথম ও দ্বিতীয় শ্রেণির বার্ষিক পরীক্ষা ০৭ ডিসেম্বর (শনিবার) শুরু হয়ে ১২ ডিসেম্বর (বৃহস্পতিবার) ২০২৪ খ্রীস্টাব্দে শেষ হবে, ইনশা-আল্লাহ।

### -ঃ প্রতিষ্ঠানের করণীয় ঃ-

☞ তৃতীয় শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন ও প্লে থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীদের সংখ্যা সংক্রান্ত: তৃতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের (১) রোল নং (২) ছাত্র-ছাত্রীর নাম (৩) পিতার নাম (৪) মাতার নাম (৫) জন্মতারিখ (জন্ম নিবন্ধন অনুযায়ী)। প্লে, নার্সারী, প্রথম ও দ্বিতীয় শ্রেণির পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীর সংখ্যা, পরিচালকের নাম, পরীক্ষকের নাম ও পরীক্ষা সংক্রান্ত যোগাযোগের জন্য নাম ও মোবাইল নম্বর আগামী ০১ জুলাই হতে ৩১ আগস্ট ২০২৪ খ্রীস্টাব্দের মধ্যে অনলাইনে nooraniboardctg.com/login নিবন্ধন শেষ করবেন।

☞ ৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রীস্টাব্দের মধ্যে নিবন্ধন বিষয়ক সংশোধন ও ছাত্র-ছাত্রীদের যোজন-বয়োজনের কাজ শেষ করবেন। ২০২৪ খ্রীস্টাব্দের পরীক্ষার ফি নির্ধারণ: পরীক্ষা সংক্রান্ত চিঠিখানা হস্তগত হওয়ার পর মাদ্রাসা কর্তৃপক্ষ পরীক্ষার ফি'র এলান করবেন। প্রত্যেক ছাত্র-ছাত্রীর নিকট থেকে প্লে: ১০০ টাকা, নার্সারী: ১২০ টাকা, প্রথম শ্রেণি: ১৪০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ১৬০ টাকা এবং তৃতীয় শ্রেণি: ৪৫০ টাকা হারে নির্ধারিত সময়ের মধ্যে ফি উত্তোলন করবেন।

☞ বোর্ড কার্যালয়ে পরীক্ষার ফি জমা সংক্রান্ত: প্লে: ৫০ টাকা, নার্সারী: ৬০ টাকা, প্রথম শ্রেণি: ৭০ টাকা, দ্বিতীয় শ্রেণি: ৮০ টাকা, তৃতীয় শ্রেণি: ৩০০ টাকা এবং সেই সাথে বোর্ড কর্তৃক ধার্যকৃত বোর্ড ফি. ১০০০/= (এক হাজার) টাকা (অনাদায়ী থাকলে) আগামী ১৫ অক্টোবর ২০২৪ খ্রীস্টাব্দের মধ্যে বোর্ড কার্যালয়/শাখা কার্যালয়ে অবশ্যই জমা করবেন। অন্যথায় আপনার মাদ্রাসার পরীক্ষা কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হতে পারে।

☞ আসন্ন বার্ষিক পরীক্ষায় আপনার মাদ্রাসার একজন যোগ্য শিক্ষককে (পূর্বের ন্যায়) বোর্ডের পক্ষ থেকে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন দায়িত্ব দেওয়া হবে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য। তাই আপনার মাদ্রাসার মনোনীত শিক্ষককে বিষয়টি অবগত করানো এবং বোর্ড কার্যালয়ে তাঁর নাম ও মোবাইল নম্বর পৌঁছানো অতীব জরুরী।

◆ পরীক্ষার্থী রেজিস্ট্রেশনের নিয়মাবলী: nooraniboardctg.com/login (নিজ প্রতিষ্ঠান কোড) ও (পাসওয়ার্ড) 12345678 বা নিজের দেওয়া পাসওয়ার্ড দিয়ে সাবমিট করুন, মেন্যু হতে পরীক্ষার্থী সম্পর্কিত → নতুন পরীক্ষার্থীতে ক্লিক করে ফরম পূরণ করুন এবং ০১৩২২-৮৯১০২০, ০১৩২২-৮৯১০৪০, ০১৩২২-৮৯১০৫০ কলকরে আপনার নিবন্ধন সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করার অনুরোধ রইল। নিবন্ধন করার পর একটি কপি প্রিন্ট করে সংরক্ষণ করুন।

বি. দ্র. বোর্ড ফি. ও পরীক্ষা ফি. সরাসরি অনলাইনে [nooraniboardctg.com/payment/fee](http://nooraniboardctg.com/payment/fee) আদায় করুন অথবা মোবাইলে বিকাশ/নগদ/রকেট ০১৭৭১-৫৫৫০০০ এ পরিশোধ করা যাবে। ফি প্রদানের পর অবশ্যই রশিদ নম্বর জেনে নিবেন এবং টাকা পাঠানোর তারিখ ও মোবাইল নম্বর লিখে রাখবেন।

সালামান্তে-

মহাসচিব

মুফ্তী জসিম উদ্দীন (দা.বা.)

পরীক্ষা নিয়ন্ত্রক-

মুফ্তী মুহাম্মদ আলী

কেন্দ্রীয় কার্যালয়: রেল স্টেশন রোড, হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম-৪৩৩০, বাংলাদেশ।

ফোন: ০১৭৭১-৫৫৫০০০, ০১৩২২-৮৯১০০৫, ০১৩২২-৮৯১০১০, ০১৩২২-৮৯১০২০, ০১৩২২-৮৯১০৪০, ০১৩২২-৮৯১০৫০

E-mail: nooraniboardctg@gmail.com, Facebook: nooraniboardctg